

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
পরিকল্পনা বিভাগ
কর্মসম্পাদন ব্যবস্থাপনা শাখা
www.plandiv.gov.bd

২০২০-২১ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) টিমের ৪র্থ সভার কার্যবিবরণী।

সভার তারিখঃ	০৫ নভেম্বর, ২০২০ খ্রিঃ।
সময়ঃ	সকাল- ১১.০০ ঘটিকা।
সভার স্থানঃ	সম্মেলন কক্ষ (কক্ষ নং ০৩, ভবন নং ১০), পরিকল্পনা বিভাগ।
সভাপতিঃ	জনাব মোঃ দেলোয়ার হোসেন, অতিরিক্ত সচিব (বাজেট) ও টিম লিডার, বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) টিম, পরিকল্পনা বিভাগ।

সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকা পরিশিষ্ট 'ক'

- ১.০০ সভাপতি সভায় আগত সকল কর্মকর্তাকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম আরম্ভ করেন। সভাপতির অনুমতিক্রমে উপসচিব (কর্মসম্পাদন ব্যবস্থাপনা অধিশাখা) সভাকে জানান যে, চলতি ২০২০-২১ অর্থবছরে পরিকল্পনা বিভাগের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) এর মোট ৩৭ টি সূচকের মধ্যে ২ টি পূর্ণ ও ১১ টি আংশিক বাস্তবায়ন হয়েছে। সময় ভিত্তিক নির্ধারিত অন্যান্য সূচকসমূহ বাস্তবায়নের কাজ চলমান রয়েছে।
- ২.০০ তিনি সভাকে আরও জানান যে, সরকারী কর্মসম্পাদন ব্যবস্থাপনার পদ্ধতি উন্নয়নকল্পের জন্য মন্ত্রিপরিষদ বিভাগ থেকে ১১ দফা বিশিষ্ট একটি ছক প্রেরণ করেছে। এপিএ স্টেকহোল্ডারদের এ বিষয়ে মতামত প্রদানের জন্য ০১/১১/২০২০ তারিখে পত্র প্রদান করা হয়েছে। মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণের লক্ষ্যে প্রস্তুতকৃত খসড়া মতামত সভায় উপস্থাপন করা হয়। সভায় অংশগ্রহণকারী এপিএ টিমের সকল সদস্য এপিএ বাস্তবায়ন পদ্ধতির উপর মতামত ব্যক্ত করেন। সে আলোকে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণের জন্য খসড়া মতামত চূড়ান্ত করা হয়েছে।
- ৩.০০ সভায় অধীন দপ্তর/সংস্থা এনএপিডি ও বিআইডিএস এর এপিএ বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা করা হয়। এ পর্যন্ত এনএপিডি এর ২টি পূর্ণ ও অন্যান্য সূচকগুলো প্রক্রিয়াধীন এবং বিআইডিএস ২ টি পূর্ণ ও ১৪ টি কর্মসম্পাদন সূচক আংশিক বাস্তবায়ন করেছে।
- ৪.০০ সভায় বিস্তারিত আলোচনার পর নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:
 - ক) চলতি ২০২০-২১ অর্থ-বছরের এপিএ'র সকল কর্মসম্পাদন সূচক যথাযথভাবে বাস্তবায়ন করতে হবে;
 - খ) সরকারী কর্মসম্পাদন ব্যবস্থাপনা পদ্ধতির উন্নয়নকল্পে প্রদত্ত মতামত নির্ধারিত সময়ের মধ্যে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করতে হবে;
 - গ) অধীন দপ্তর/সংস্থা (এনএপিডি এবং বিআইডিএস)-কে এপিএ মাসিক সভায় এপিএ বাস্তবায়ন ও অগ্রগতি প্রতিবেদন পরিকল্পনা বিভাগে প্রেরণ করতে হবে।

৫.০০ অতঃপর আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-
০৫/১১/২০

(মোঃ দেলোয়ার হোসেন)
অতিরিক্ত সচিব (বাজেট)

ও


এপিএ টিম লিডার

নং-২০.০০.০০০০.৩২৮.৪২.০০১.২০-১৯৮

তারিখঃ ২০ কার্তিক, ১৪২৭ বঙ্গাব্দ
০৫ নভেম্বর, ২০২০ খ্রিষ্টাব্দ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলোঃ

১. সচিব (সমন্বয় ও সংস্কার), মন্ত্রিপরিষদ বিভাগ, পরিবহনপুল ভবন, ঢাকা।
২. মহাপরিচালক, জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমী, ঢাকা।
৩. মহাপরিচালক, বাংলাদেশ উন্নয়ন ও গবেষণা প্রতিষ্ঠান, ঢাকা।
৪. প্রধান, এনইসি একনেক ও সমন্বয় অনুবিভাগ, পরিকল্পনা বিভাগ, ঢাকা।
৫. যুগ্মপ্রধান সমন্বয় (সকল), পরিকল্পনা কমিশন, ঢাকা।
৬. যুগ্মসচিব (এপিএ), পরিকল্পনা বিভাগ, ঢাকা।
৭. যুগ্মপ্রধান, পরিকল্পনা অধিশাখা, পরিকল্পনা বিভাগ, ঢাকা।
৮. সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, পরিকল্পনা বিভাগ, ঢাকা।
৯. উপসচিব (এসএসআরসি/বাজেট/কর্মসম্পাদন ব্যবস্থাপনা), পরিকল্পনা বিভাগ, ঢাকা।
১০. সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব (আইন/সাধারণ শাখা-১/প্রটোকল) পরিকল্পনা বিভাগ, ঢাকা।
১১. সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, পরিকল্পনা বিভাগ, ঢাকা।
১২. সহকারী প্রোগ্রামার, আইসিটি সেল, পরিকল্পনা বিভাগ, ঢাকা (কার্যবিবরণীটি ওয়েবসাইটে আপলোডের অনুরোধসহ)।
১৩. লাইব্রেরি অফিসার/বাজেট অফিসার/হিসাবরক্ষণ কর্মকর্তা, পরিকল্পনা বিভাগ, ঢাকা।
১৪. অতিরিক্ত সচিব (বাজেট) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, পরিকল্পনা, ঢাকা।
১৫. অফিস কপি।


০৫/১১/২০২০
মোঃ রফিকুল ইসলাম
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৯১৮০৭৯২

e-mail: ro.pms@plandiv.gov.bd